

# রাজেন্দ্র কলেজের ৬শ' ছাত্রছাত্রীর মাস্টার্স পরীক্ষায় অংশগ্রহণ অনিশ্চিত

কামাল কামাল সোহেল, ফরিদপুর

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনাটন মাস্টার্স ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছে না ফরিদপুর সরকারি রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের ৬শ' ছাত্রছাত্রী। সমস্যা মতো রেজিস্ট্রেশন কার্ড হতে না পাওয়ায় এসব ছাত্রছাত্রীকে ফরম পূরণ করতে দিচ্ছে না কলেজ কর্তৃপক্ষ।

বৃহস্পতিবার সকালে কলেজে গিয়ে ফরম পূরণ করতে না পেরে ফুরু হয়ে ওঠে ছাত্রছাত্রীরা। ফরম পূরণের শেষদিন ছিল গতকাল। অনেকেই কান্নায় ভেঙে পড়ে।

ফুরু ছাত্রছাত্রীরা কলেজ কর্তৃপক্ষকে দায়ী করলেও কর্তৃপক্ষ দায় চাপাচ্ছে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওপর। ফরম পূরণের শেষ দিনে ৫,৬শ' ছাত্রছাত্রীর রেজিস্ট্রেশন কার্ড না আসায় মাস্টার্স ফাইনাল পরীক্ষায় তাঁদের অংশগ্রহণ অনিশ্চিত হয়ে পড়লো। ফরিদপুর সরকারি রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ থেকে এ বছর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে নিয়মিত, অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীর সংখ্যা মিলিয়ে মাস্টার্স ফাইনাল পরীক্ষায় ১ হাজারের বেশি পরীক্ষার্থীর অংশগ্রহণের কথা ছিল। কলেজ কর্তৃপক্ষ প্রায় প্রতিটি ছাত্রছাত্রীর কাছ থেকে ২ থেকে

৫শ' করে টাকা নেয় অতিরিক্ত রেজিস্ট্রেশন কার্ড এবং মার্কসিট আনা বাবদ; কিন্তু ফরম পূরণের ঘোষণা দেয়া হলে ছাত্রছাত্রীরা কলেজে যোগাযোগ করতে থাকে। বেশিরভাগ ছাত্রছাত্রীর রেজিস্ট্রেশন কার্ড না আসায় তারা বিচলিত হয়ে পড়ে। পরে তারা কলেজের প্রধান সহকারী মো. আবুল কালাম আজাদের পরামর্শে হলে তিনি আজ. কাল করে ছাত্রছাত্রীদের ঘোরাতে থাকেন। ভুক্তভোগী ছাত্রছাত্রীরা পরে কলেজের অধ্যক্ষ কামাল আতাউর রহমানের সঙ্গে যোগাযোগ করলে তিনি সাফ জানিয়ে দেন, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে রেজিস্ট্রেশন কার্ড দেয়া হয়নি। শেষদিনে গতকাল ছাত্রছাত্রীরা ফরম পূরণ না করতে পেরে মারমুখী অবস্থানে গেলে কলেজ কর্তৃপক্ষ তাদের কাছ থেকে শনিবার পর্যন্ত সময় চেয়ে নেন। ফুরু ছাত্রছাত্রীরা অভিযোগ করে বলেছে, ছাত্রছাত্রীদের কাছ থেকে রেজিস্ট্রেশন কার্ড আনা বাবদ ২শ' থেকে ৫শ' করে টাকা নেয়া হয়েছে। ৩৬৫ আমদের রেজিস্ট্রেশন কার্ড পাইনি।

কলেজের অধ্যক্ষ কামাল আতাউর রহমানের সঙ্গে কথা হলে তিনি বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কিছু সিদ্ধান্তের কারণেই অনেকের রেজিস্ট্রেশন কার্ড আসেনি। তবে কলেজের একজন অধ্যাপক জাতীয় বিশ্ববিদ্যালয়ে গেছেন বিষয়টি দেখতে। অতিরিক্ত টাকা গ্রহণের কাপারে তিনি বলেন, এ বিষয়ে আমার জানা নেই।